রেজিঃ উইথ এ/ডি

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৭.২৩.৪৭০

তারিখ: ০৫-০৮- ১৪৩১ বঙ্গাব্দ
২০-১১-২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো প্রসঙ্গে।

যেহেতু, আপনি জনাব গৌরব কুমার সাহা, সহকারী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৬, বাপাউবো, ঢাকা'কে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.২৫.০৫২.১৬-৭৪ তারিখ: ৩১.০১.২০১৯ খ্রিঃ মোতাবেক কতিপয় শর্ত সাপেক্ষে যুক্তরাষ্ট্রের The Pennsylvania State University তে "Agricultural and Biological Engineering" এ Ph.D কোর্সে অধ্যয়নের জন্য আপনার অনুকূলে বিগত ০১.০২.২০১৯ খ্রি: তারিখ হতে ৩১.০১.২০২১ খ্রি: তারিখ পর্যন্ত ২ (দুই) বছরের শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়। পরবর্তীতে কোর্স সম্পন্নের নিমিত্ত আপনার আবেদনের পরিপ্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.২৫.০৩৭.১৬(পার্ট)-৫৭ তারিখ: ১৪.০২.২০২১ খ্রিঃ মোতাবেক ০১.০২.২০২১ খ্রিঃ তারিখ হতে ২০.০২.২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত আরো ১ (এক) বছর ২০ দিনের প্রেষণ মঞ্জুর করা হয় এবং এর ধারাবাহিকতায় পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.২৫.০৬১.১৬-৮০ তারিখ: ২৮.০৪.২০২২ খ্রিঃ মোতাবেক ২১.০২.২০২২ খ্রিঃ হতে ২০.০২.২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অর্ধগড় বেতনে শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়। কিন্তু আপনি মঞ্জুরীকৃত ছুটি শেষে অদ্যাবধি কাজে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন, যা পানি সম্পদ মন্ত্রণালয়ের মঞ্জুরীকৃত শিক্ষা ছুটির/প্রেষণাদেশের শর্তাবলীর পরিপন্থী। আপনি স্বীয় কাজে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন, যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী কর্তব্যে অবহেলা, অসদাচরণ, পলায়ন, প্রতারণা ও সুষ্ঠ নিয়ম শৃংখলা পরিপন্থী এবং এরূপ কার্যের জন্য আপনার উপর যে কোন দণ্ড আরোপযোগ্য।

২। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক প্রস্তাবিত দণ্ড কেন আপনার উপর আরোপ করা হবে না সে লক্ষ্যে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৭.২৩-১৭০ তারিখঃ ০৬.০৭.২০২৩ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালার প্রবিধান ৫২(১)(খ) অনুযায়ী উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিলের জন্য আপনাকে পত্র প্রেরণ করা হলে আপনি জবাব দাখিল হতে বিরত রয়েছেন।

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগনামার জবাব দাখিল হতে বিরত থাকায় কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৭.২৩-৩৯৪ তারিখঃ ০৭.১১.২০২৩ খ্রিঃ মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনি দোষী সাব্যস্ত হয়েছেন এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ)(উ) মোতাবেক আপনাকে বাপাউবোর্ডের চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দণ্ড আরোপ করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

অঃপৃঃদ্রঃ

৪। সেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক আপনার উপর কেন ''চাকরি হতে বরখাস্ত'' (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২(৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক, বাপাউবো মহোদয় বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসংগে প্রেরণ করা হলো।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি ।

২০/১১/২০২৪
(শেখ মাসুদুল হক)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৬০১০০৬

**প্রাপকঃ**

১। জনাব গৌরব কুমার সাহা, সহকারী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৬, বাপাউবো, ঢাকা।
২। জনাব গৌরব কুমার সাহা, পিতা-গৌরেশ্বর সাহা, বাড়ী নং-৬৮৯(১২/১৫), রাস্তা নাম-এনায়েতুর রহমান সড়ক, মহল্লা-চকবাজার (ফলপট্টি), ডাকঘর-বরিশাল-৮২০০, উপজেলা- বরিশাল সদর (কোতয়ালী), জেলা- বরিশাল।

**কার্যার্থে/জ্ঞাতার্থেঃ**

১। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি দুইটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

ডায়েরী নং ৭৫৮
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহায়ক কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ২১/১১/২৪
■ জরুরী/অতি জরুরী
■ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
■ নথিতে পেশ করুন
■ আলোচনা করুন
■ নথিতে রাখুন

২১/১১/২০২৪
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

E:\Quddus\Showcause.docx20